

সেই রাতে রাত ছিল পূর্ণিমা লিরিঙ্গ:-

সেই রাতে রাত ছিল পূর্ণিমা
রঙ ছিল ফাল্গুনি হাওয়াতে,
সেই রাতে রাত ছিলো পূর্ণিমা
রঙ ছিলো ফাল্গুনি হাওয়াতে।
সব ভালো লাগছিলো চন্দ্রিমা,
খুব কাছে তোমাকে পাওয়াতে।

মন খুশি উর্বশী সেই রাতে
সুর ছিলো গান ছিলো এই প্রাণে।
ঐ দুটি হাত ছিলো এই হাতে,
কি কথা বলছিলে মন জানে।
সব ভালো লাগছিলো তুমি ছিলে তাই
মন ছিলো মনেরই ছায়াতে।

সেই রাতে রাত ছিল পূর্ণিমা
রঙ ছিল ফাল্গুনি হাওয়াতে।

জুজু জু জু. .

রাত আসে রাত চলে যায় দূরে,
সেই স্মৃতি ভুলতে কি আজ পারি?
পুরানো দিন আছে মন জুড়ে
ভালোবাসা হয়েছে ভিখারী।
ধূপকাঠি মন জ্বলে একা একা তাই
সেই তুমি নেই তুমি নেই সাথে।

সেই রাতে রাত ছিলো পূর্ণিমা
রঙ ছিলো ফাল্গুনি হাওয়াতে।
সব ভালো লাগছিলো চন্দ্রিমা,
খুব কাছে তোমাকে পাওয়াতে।